অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 'গেট আউটডোর অ্যান্ড গেট টুগেদার ডে' উদযাপনের ঘোষণা করেছেন

11 জুন শনিবার স্টেট পার্ক এবং সর্বজনীন জমিতে পরিবার-বান্ধব বিনোদন এবং মজার অন্তর্ভুক্তিমূলক এবং অ্যাক্সেসযোগ্য দিন

গভর্নর ক্যাথি হোkল আজ ঘোষণা করেছেন যে 'গেট আউটডোর অ্যান্ড গেট টুগেদার ডে' ইভেন্টগুলি নিউ ইয়র্ক রাজ্য জুড়ে 21টি নির্বাচিত স্থানে শনিবার, 11 জুন অনুষ্ঠিত হবে৷ নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (New York State Department of Environmental Conservation) এবং স্টেট অফিস অফ পার্ক, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (State Office of Parks, Recreation and Historic Preservation), অফিস ফর পিপল ফর ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিস (Office for People with Developmental Disabilities) এবং ভেটেরান্স সার্ভিসের বিভাগ (Division of Veterans' Services) এর সাথে অংশীদারিত্বে মানুষকে প্রকৃতির সাথে সংযুক্ত করতে এবং বহিরঙ্গনের বর্ধিত অ্যাক্সেস প্রদান করার জন্য বিনামূল্যে এবং কম খরচে ইভেন্টের আয়োজন করছে। গেট আউটডোর অ্যান্ড গেট টুগেদার ডে মজা, স্বাস্থ্যকর ক্রিয়াকলাপের জন্য সমস্ত যোগ্যতার, বয়সের, পরিচয়ের এবং পশ্চাদপটের মানুষকে একত্রিত করবে ব্যবহারকারীদের বৈচিত্র্যকে বিস্তৃত করার জন্য এবং রাজ্যের সর্বজনীন জমিতে অ্যাক্সেসের অন্তর্ভুক্তি নিশ্চিত করার জন্য একটি নতুন গভর্নরের উদ্যোগের সূচনার অংশ হিসাবে।

"নিউ ইয়র্ক দেশের সব চেয়ে দর্শনীয়, অ্যাক্সেসযোগ্য বহিরঙ্গনের স্থানের আবাসস্থল, এবং গেট আউটডোর অ্যান্ড গেট টুগেদার ডে শুধু এই স্থানগুলি প্রদর্শন করার জন্য নয়, সমস্ত যোগ্যতার মানুষদের দ্বারা তাদের ব্যবহারকে উৎসাহিত করার একটি দুর্দান্ত সুযোগ," **গভর্নর হোকল বলেন।** "সমস্ত পশ্চাদপটের এবং ক্ষমতার মানুষদের এক সাথে এই মজাদার, অ্যাক্সেসযোগ্য বহিরঙ্গন ক্রিয়াকলাপগুলিতে অংশ নিতে উৎসাহিত করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট বাকি জাতির অনুসরণ করার জন্য অন্তর্ভুক্তির একটি মডেল তৈরি করছে।"

রাজ্য জুড়ে 21টি ইভেন্টে, অংশগ্রহণকারীদের নতুন দক্ষতা আবিষ্কার করতে এবং মাছ ধরা, প্রকৃতির মধ্যে হাঁটা এবং হাইকিং, পাখি দেখা, তীরন্দাজী, ক্যাম্পিং, প্যাডলিং এবং আরও অনেক কিছুর মতো পরিচিতি-স্তরের বহিরঙ্গন বিনোদন কার্যক্রম উপভোগ করতে উৎসাহিত করা হবে। প্রতিটি ইভেন্ট নিরাপদে এবং বজায় রাখা যায় এমনভাবে বাইরের পরিবেশ উপভোগ করার

উপায়গুলি হাইলাইট করবে। সবগুলি অবস্থান অ্যাক্সেসযোগ্য কার্যকলাপের একটি নির্বাচিত গুচ্ছ প্রদান করবে; এবং অভিযোজিত সরঞ্জামের ব্যবহার প্রদর্শন প্রদান করা হবে বহু সাইটে, যার মধ্যে আছে ট্রেইল এবং সমুদ্র সৈকত চলাফেরার সহায়ক, তীরন্দাজীতে সহায়তা করার স্ট্যান্ড, মাছ ধরার জন্য হাতের সমর্থন এবং আরও অনেক কিছু।

নিউ ইয়র্কের গেট আউটডোরস অ্যান্ড গেট টুগেদার ডে ন্যাশনাল গেট আউটডোর ডে-র সাথে মিলে যায়, যা হল একটি স্বাস্থ্যকর, সক্রিয় বহিরঙ্গনের মজাকে উৎসাহিত করার জন্য একটি বার্ষিক ইভেন্ট।

নিউ ইয়র্ক রাজ্যের চিফ ডিজেবিলিটি কর্মকর্তা কিম্বার্লি হিল বলেছেন, "নিউ ইয়র্কে, আমরা সব চেয়ে অবিশ্বাস্য পার্ক এবং রাষ্ট্রীয় সর্বজনীন জমি রয়েছে, এবং আমি রোমাঞ্চিত যে গেট আউটডোর এবং গেট টুগেদার ডে অনুষ্ঠিত হচ্ছে প্রতিবন্ধীরা কীভাবে রাজ্য জুড়ে উপলব্ধ সমস্ত অ্যাক্সেসযোগ্য বৈশিষ্ট্যগুলি উপভোগ করতে পারেন এবং তাদের তা করা উচিত সে বিষয় তুলে ধরার জন্য। আমি গভর্নর হোকল, OPWDD, NYS পার্কস, DEC এবং ডিভিশন অফ ভেটেরান্স সার্ভিসেসকে (Division of Veterans Services) ধন্যবাদ জানাতে চাই প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এই প্রকৃতির স্থানগুলির অন্তর্ভুক্ত করার জন্য এবং অ্যাক্সেসযোগ্যতাকে অগ্রাধিকার দেওয়ার জন্য।"

বাসিল সেগোস, ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কঞ্জারভেশনের (Department of Environmental Conversation) কমিশনার বলেছেন, "নিউ ইয়র্কের দুর্দান্ত বহিরঙ্গনের স্থানগুলি সকলের জন্য এবং DEC আমাদের ভূমি, জল এবং সুবিধাগুলিতে সমস্ত দর্শকদের একটি অন্তর্ভুক্ত, স্বাগত, এবং নিরাপদ বহিরঙ্গন অভিজ্ঞতা প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমরা এই ইভেন্টে আমাদের ভগিনী রাজ্যের এজেন্সিগুলির সাথে অংশীদার হতে পেরে এবং সমস্ত বয়সের, যোগ্যতার, পরিচয়ের এবং অভিজ্ঞতার নিউ ইয়র্কবাসীদের জন্য বহিরঙ্গনের সাথে সংযোগকে আরও সহজলভ্য করতে পেরে রোমাঞ্চিত।"

এরিক কুলেসিড, স্টেট পার্কস কমিশনার বলেছেন, "পার্কগুলি হল রাজ্য জুড়ে বন্ধুবান্ধব এবং পরিবারের জন্য প্রকৃতির মধ্যে সমবেত হওয়ার স্থান এবং নিউ ইয়র্ক স্টেট পার্কস আমাদের পার্কগুলিতে যাতে সমস্ত যোগ্যতার সমস্ত মানুষ স্বাগত বোধ করেন এবং আমরা যা প্রদান করি তা অনুভব করার সমান সুযোগ পান তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। গেট আউটডোর অ্যান্ড গেট টুগেদার ডে নিউ ইয়র্কের আশ্চর্যজনক দৃশ্যপট এবং বিনোদনের প্রচুর সুযোগ তুলে ধরে যা প্রত্যেকের উপভোগ করার জন্য অ্যাক্সেসযোগ্য। এই উত্তেজনাপূর্ণ প্রোগ্রামে সহযোগিতার জন্য আমাদের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ, পরিবেশ সংরক্ষণ বিভাগ এবং ভেটেরান্স সার্ভিসের বিভাগে আমাদের অংশীদারদের ধন্যবাদ। আমরা আশা করি প্রত্যেকেই তাদের পার্কগুলি অন্বেষণের মাধ্যমে বাইরে দুর্দান্ত সময় কাটাবে।"

কেরি ই. নিফেল্ড, উন্নয়নমূলক প্রতিবন্ধীদের জন্য NYS অফিসের কমিশনার বলেন, "আমি প্রতিবন্ধী ব্যক্তিদের স্বার্থকে মধ্যমনি করে রাখার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। OPWDD অত্যন্ত আনন্দিত NYS পার্কস, DEC এবং ডিভিশন অফ ভেটেরান্স সার্ভিসের সাথে গেট আউটডোরস অ্যান্ড গেট টুগেদার ডের বিষয়ে অংশীদারিত্ব করতে পেরে, কারণ এটি

আমাদের রাজ্যের সংস্থাগুলির মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের যাতে দৈনন্দিন কাজকর্মে অন্তর্ভুক্ত করা হয় সে বিষয়ে অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করে। OPWDD-তে আমাদের লক্ষ্য হল আমরা যাদের সহায়তা করি তাদের আরও সমৃদ্ধ জীবনযাপন করতে এবং তাদের সম্প্রদায়ে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে সহায়তা করা। গেট আউটডোরস অ্যান্ড গেট টুগেদার ডে নিউ ইয়র্কের প্রবেশযোগ্য পার্ক এবং DEC ভূমিতে সমস্ত যোগ্যতার মানুষদের জন্য অন্তর্ভুক্তির একটি মজার দিন হওয়ার প্রতিশ্রুতি দেয়।"

ভিভিয়ানা ডিকোহেন, নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ ভেটেরান্স সার্ভিসেসের ডিরেক্টর বলেছেন, "আমরা রাজ্য সরকারে আমাদের অংশীদারদের চলমান কাজের জন্য অত্যন্ত কৃতজ্ঞ যারা নিউ ইয়র্কের সয়েবযোনিন জমি এবং জলের বর্ধিত অ্যাক্সেস এবং ইক্যুইটির জন্য চাপ অব্যাহত রেখেছেন এবং আমরা বহিরঙ্গন থেরাপির অ্যাক্সেস প্রসারিত করতে এক সাথে আমাদের কাজ চালিয়ে যেতে পেরে উচ্ছাসিত।"

প্রকৃতি এবং বহিরঙ্গন চিত্তবিনোদনের অ্যাক্সেসের প্রয়োজনীয়তা কখনই এখনকার চেয়ে বেশি ছিল না। শৈশবের স্থূলতা গত 20 বছরে দ্বিগুণ হয়েছে, এবং গড় আমেরিকান শিশু প্রতিদিন অসংগঠিত বহিরঙ্গনের খেলায় 30 মিনিটের মতো কম সময় কাটায় এবং একটি ইলেকট্রনিক স্ক্রিনের সামনে প্রতিদিন সাত ঘণ্টারও বেশি সময় ব্যয় করে। কোভিড-19 মহামারী চলাকালীন, নিউ ইয়র্কবাসীরা প্রকৃতির কোলে সময় কাটাবার জন্য বাহ্যিক এবং সরকারি জমিগুলির সুবিধা নিয়েছেন যা শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের জন্য ভাল। গেট আউটডোরস এবং গেট টুগেদার ডে ইভেন্টগুলি নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকর বহিরঙ্গনের ক্রিয়াকলাপ চেষ্টা করার ক্ষেত্রে সমস্ত দক্ষতার স্তরের সমর্থন করে।

DEC ইভেন্টের অবস্থান এবং কার্যক্রম

DEC ইভেন্টের অবস্থান:

- অঞ্চল 1/লং আইল্যান্ড: হেম্পস্টেড লেক স্টেট পার্ক (নাসাউ কাউন্টি)
- অঞ্চল 2/NYC: মাউন্ট লরেটো ইউনিক এলাকা (রিচমন্ড কাউন্টি)
- অঞ্চল 3/হাডসন ভ্যালি: স্টোনি কিল ফার্ম এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টার (ডাচেস কাউন্টি)
- অঞ্চল 3/ক্যাটস্কিলস: কেনেথ এল উইলসন ক্যাম্পগ্রাউন্ড (আলস্টার কাউন্টি)
- অঞ্চল 3/ক্যাটস্কিলস: ক্যাটস্কিল্স ভিজিটর সেন্টার (আলস্টার কাউন্টি)
- অঞ্চল 3/হাডসন ভ্যালি: লং ডক পার্ক (ডাচেস কাউন্টি, সিনিক হাডসনের সাথে অংশীদারিত্বে)
- অঞ্চল 4/ক্যাটস্কিলস: নর্থ-সাউথ লেক ক্যাম্পগ্রাউন্ড (গ্রিন কাউন্টি)
- অঞ্চল 4/রাজধানী অঞ্চল: ফাইভ রিভারস এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টার (আলবানি কাউন্টি)
- অঞ্চল 5/অ্যাডিরন্ড্যাকস: স্কারুন ম্যানর ক্যাম্পগ্রাউন্ড (ওয়ারেন কাউন্টি)
- অঞ্চল 6/ওয়েস্টার্ন অ্যাডিরনড্যাকস: লোভিল ফরেস্ট্রি ডেমনস্ট্রেশন এলাকা (লুইস কাউন্টি)

- অঞ্চল 7/সেন্ট্রাল NY: রজার্স এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টার (চেনাঙ্গো কাউন্টি)
- অঞ্চল 8/সেন্ট্রাল NY: ADK আউটডোর এক্সপো (মনরো কাউন্টি) এর সাথে একযোগে
- অঞ্চল 9/ওয়েস্টার্ন NY: রেইনস্টাইন উডস এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টার (এরি কাউন্টি)

সমস্ত অবস্থানে হুইলচেয়ার অ্যাক্সেসযোগ্য বৈশিষ্ট্য এবং বাথরুম এবং নির্দিষ্ট বিনোদনের সুযোগগুলি সহ ক্রিয়াকলাপগুলি অফার করে৷ অনুগ্রহ করে বাসস্থানের অনুরোধ সহ এবং প্রতিটি সাইটে প্রদত্ত অভিযোজিত সরঞ্জাম এবং ক্রিয়াকলাপগুলি সম্পর্কে জানতে সরাসরি ইভেন্ট সমন্বয়কারীর সাথে যোগাযোগ করুন।

DEC ফ্যাসিলিটিগুলিতে ক্রিয়াকলাপগুলির মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত রয়েছে:

- মাছ ধরা: আই ফিশ NY প্রোগ্রাম প্রত্যেকের জন্য বিনামূল্যে ক্যাচ-অ্যান্ড-রিলিজ মাছ ধরার ক্লিনিক অফার করবে। মাছ ধরার সরঞ্জাম, কৌশল, প্রবিধান, খরচ পরামর্শ এবং মাছ ধরার ভাল জায়গা সম্পর্কে জানুন। অংশগ্রহণকারীরা তাদের নিজস্ব সরঞ্জাম আনতে পারেন, কিন্তু রড এবং রিলও ধর নেওয়ার জন্য পাওয়া যাবে।
- ক্যাম্পিং 101: দর্শনার্থীরা লনে একটি তাঁবু স্থাপন করে এবং ক্যাম্পিং ভ্রমণের জন্য কীভাবে প্যাক করতে হয় তা শিখে ক্যাম্পিং এর প্রাথমিক কাজগুলি করার চেষ্টা করতে পারেন।
- প্যাডলিং: অংশগ্রহণকারীরা এই মজাদার দ্রুত বর্ধনশীল খেলার মূল বিষয়গুলি শিখতে পারেন এবং জলে বেরোনর চেষ্টা করতে পারেন৷
- তীরন্দাজী: অংশগ্রহণকারীরা একটি ধনুক এবং তীর দিয়ে চাঁদমারিতে লক্ষ্যভেদ করার চেষ্টা করতে পারেন এবং গুরুত্বপূর্ণ নিরাপত্তার পরামর্শ শিখতে পারেন।
- পাখি দেখা: অংশগ্রহণকারীরা প্রায় যেকোনো জায়গায় পাখি দেখা উপভোগ করা কতটা সহজ এবং মজাদার তা শিখতে পারেন।
- হাইকিং: অংশগ্রহণকারীরা একটি ছোট হাইকে যেতে পারেন এবং নিজেরাই নিখুঁত পথ খুঁজে বের করার মৌলিক বিষয়গুলি শিখতে পারেন৷
- বহিরঙ্গনের নিরাপত্তা: প্রস্তুত এবং নিরাপদ থাকার প্রাথমিক বিষয়গুলি শিখুন যাতে সমস্ত বহিরঙ্গন অ্যাডভেঞ্চারগুলি ভাল হয়৷
- অ্যাক্সেসযোগ্য বহিরঙ্গন বিনোদন: হাইকিং, ক্যাম্পিং, পাখি দেখা, মাছ ধরা এবং বোটিং সহ রাজ্যের জমিগুলিতে অ্যাক্সেসযোগ্য বহিরঙ্গন বিনোদনের সুযোগগুলি সম্পর্কে অভিজ্ঞতা নিন এবং শিখুন।
- লং ডক পার্কে, অংশগ্রহণকারীরা রড এবং রিল দিয়ে মাছ ধরা শেখার পাশাপাশি হাডসন নদীতে জাল দিয়ে মাছ ধরার কৌশল সম্পর্কে শিখতে পারবে। একজন স্প্যানিশ দোভাষী এই ইভেন্টের জন্য সাইটে উপস্থিত থাকবেন।

মাউন্ট লোরেটোর ইভেন্ট ছাড়াও, DEC এবং NOAA ওয়ার্ল্ড ফিশ মাইগ্রেশন ডের অংশ হিসাবে স্টেটেন আইল্যান্ডের লেমন ক্রিক পার্কে দুপুর 12টা থেকে 2টা পর্যন্ত একটি সিনিং এবং নেট ফিশিং ইভেন্টের আয়োজন করবে।

সমস্ত DEC ইভেন্টগুলির জন্য কোন মূল্য লাগবে না। অতিথিদের পিকনিকের মধ্যাহ্নভোজ এবং তাদের নিজস্ব খেলা বা খেলার সরঞ্জাম আনতে উৎসাহিত করা হয়। সময়সূচী এবং নিবন্ধন প্রয়োজনীয়তা সহ বিশদ বিবরণ, DEC এর ওয়েবসাইটে পাওয়া যাবে। লক্ষ্য করুন যে ইভেন্টের সময় পরিবর্তিত হয়।

স্টেট পার্ক ইভেন্টের অবস্থান এবং ক্রিয়াকলাপ

স্টেট পার্কের অবস্থানগুলি:

- লং আইল্যান্ড: সাঙ্কেন মিডো স্টেট পার্ক
- নায়াগ্রা: বাফেলো হারবার স্টেট পার্ক
- জেনেসি: হ্যারিম্যান স্টেট পার্ক
- অ্যালেগনি: অ্যালেগনি স্টেট পার্ক
- সারাটোগা রাজধানী অঞ্চল: সারাটোগা স্পা স্টেট পার্ক
- ফিঙ্গার লেকস: টাওহানক ফলস স্টেট পার্ক
- NYC: ডেনি ফ্যারেল রিভারব্যাঙ্ক স্টেট পার্ক
- ট্যাকনিক: লেক ট্যাগকানিক স্টেট পার্ক

প্রতিটি অবস্থানের জন্য প্রোগ্রাম এবং সময়সূচীর বিবরণ নীচে তালিকাভুক্ত করা হয়েছে এবং www.parks.ny.gov এ পাওয়া যাবে। অনুষ্ঠানের সময় কোন পার্কিং ফি নেওয়া হবে না। অতিথিদের পিকনিকের মধ্যাহ্নভোজ এবং তাদের নিজস্ব খেলা বা খেলার সরঞ্জাম আনতে উৎসাহিত করা হয়। প্রতিটি অবস্থানে দর্শনার্থীদের সুবিধার বিষয়ে বিস্তারিত জানার জন্য, www.parks.ny.gov এ যান।

DEC প্রায় পাঁচ মিলিয়ন একর সরকারি জমির ব্যবস্থাপনা করে, যার মধ্যে রয়েছে অ্যাডিরন্ড্যাক পার্ক ও ক্যাটসকিল সংরক্ষিত বনভূমির তিন মিলিয়ন একর, 55টি ক্যাম্পগ্রাউন্ড এবং দিনে ব্যবহারের স্থান, 5,000 মাইলের বেশি আনুষ্ঠানিক ট্রেইল এবং কয়েকশত ট্রেইলহেড, বোট লঞ্চ করার স্থান, এবং মাছ ধরার ঘাট। আপনার পরবর্তী আউটডোর অ্যাডভেঞ্চার পরিকল্পনা করুন এবং আমাদের সাথে যুক্ত হন ফেসবুক, টুইটার, ফ্লিকার এবং ইনস্টাগ্রামে।

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের নিউইয়র্ক স্টেট অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation) 250 টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরও অনেক কিছুর তত্ত্বাবধান করে, যা বার্ষিক 78.4 মিলিয়ন মানুষ পরিদর্শন করে। একটি সাম্প্রতিক সমীক্ষায় দেখা গেছে যে নিউ ইয়র্ক স্টেট পার্কগুলি পার্ক এবং দর্শনার্থীদের ব্যয়ে 5 বিলিয়ন ডলার রাজস্ব উৎপাদন করে, যা প্রায় 54,000 চাকরিকে সমর্থন করে। এসব বিনোদনের জায়গার কোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov এ যান, বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম ও টুইটারে সংযুক্ত হোন।

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ (New York State Office for People With Developmental Disabilities, OPWDD) বুদ্ধিবৃত্তিক অক্ষমতা, সেরিব্রাল প্যালসি, ডাউন সিন্ড্রোম, অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার এবং অন্যান্য স্নায়বিক প্রতিবন্ধকতা সহ উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উচ্চ মানের ব্যক্তি-কেন্দ্রিক সহায়তা এবং পরিষেবা প্রদান করে। OPWDD সরাসরি এবং 600টির বেশি অলাভজনক প্রদানকারীর নেটওয়ার্কের মাধ্যমে পরিষেবা প্রদান করে। OPWDD-এর লক্ষ্য হল মানুষদের সমৃদ্ধ জীবনযাপন করতে সাহায্য করা যাতে অর্থপূর্ণ সম্পর্ক, সুস্বাস্থ্য, ব্যক্তিগত উন্নতি এবং একটি গৃহ যা তাদের নিজেদের সম্প্রদায়ে অংশগ্রহণ করতে দেয়। আরও তথ্যের জন্য, www.opwdd.ny.gov এ যান অথবা ফেসবুক, টুইটার এবং ইন্সটাগ্রামে আমাদের সাথে সংযুক্ত হন।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ ভেটেরান্স সার্ভিসেস (New York State Division of Veterans' Services), নিউ ইয়র্কের ভেটেরান্স, সার্ভিসের সদস্য এবং তাদের পরিবারকে সহায়তা প্রদান করে নিউ ইয়র্ক স্টেট এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি তাদের পরিষেবার মাধ্যমে অর্জিত রাজ্য এবং ফেডারেল সুবিধা পেতে। ভেটেরানদের সুবিধা সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে 888-838-7697 নম্বরে কল করে বা এজেন্সির ওয়েবসাইটে গিয়ে একজন DVS ভেটেরানস বেনিফিটস অ্যাডভাইজারের সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন